

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

## অতিরিক্ত সংখ্যা কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বহিরাগমন শাখা-৩

### প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১২ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ৬৮-আইন/২০২৩—সরকার, Bangladesh Citizenship (Temporary Provisions) Order, 1972 (President's Order No. 149 of 1972) এর section 2B এর sub-section (2)-তে প্রদত্ত ক্ষমতাবলে, যে সকল বাংলাদেশি মিশর, দক্ষিণ আফ্রিকা, কেনিয়া, আলজেরিয়া, সুদান, মরক্কো, ঘানা, বুয়াস্তা, বুরুন্ডি, তিউনিসিয়া, সিয়েরা লিয়ন, লিবিয়া, কঙ্গো, লাইবেরিয়া, মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র, ইরিত্রিয়া, গান্ধীয়া, বতসোয়ানা, মরিশাস, ব্রাজিল, বলিভিয়া, কলম্বিয়া, ভেনিজুয়েলা, সুরিনাম, আর্জেন্টিনা, পেরু, ইকুয়েডর, চিলি, উরুগুয়ে, গায়ানা, প্যারাগুয়ে, কিউবা, ডোমিনিকান প্রজাতন্ত্র, হাইতি, বাহামা, জ্যামাইকা, ত্রিনিদাদ ও টোবাগো, ডমিনিকা, সেন্ট লুসিয়া, বার্বাডোস, সেন্ট ভিনসেন্ট এবং গ্রেনাডাইন, গ্রেনাডা, সেন্ট কিটস ও নেভিস অথবা ফিজির নাগরিকত্ব প্রাপ্ত হইয়াছেন তাহাদের বাংলাদেশি নাগরিকত্ব প্রদান বা বহাল থাকিবার বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারি করিল, যথা :—

- (ক) বাংলাদেশে বলবৎ আইন অনুযায়ী বাংলাদেশের কোনো নাগরিক মিশর, দক্ষিণ আফ্রিকা, কেনিয়া, আলজেরিয়া, সুদান, মরক্কো, ঘানা, বুয়াস্তা, বুরুন্ডি, তিউনিসিয়া, সিয়েরা লিয়ন, লিবিয়া, কঙ্গো, লাইবেরিয়া, মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র, ইরিত্রিয়া, গান্ধীয়া, বতসোয়ানা, মরিশাস, ব্রাজিল, বলিভিয়া, কলম্বিয়া, ভেনিজুয়েলা, সুরিনাম, আর্জেন্টিনা, পেরু, ইকুয়েডর, চিলি, উরুগুয়ে, গায়ানা, প্যারাগুয়ে, কিউবা, ডোমিনিকান প্রজাতন্ত্র, হাইতি, বাহামা, জ্যামাইকা, ত্রিনিদাদ ও টোবাগো, ডমিনিকা, সেন্ট লুসিয়া, বার্বাডোস, সেন্ট ভিনসেন্ট এবং গ্রেনাডাইন, গ্রেনাডা, সেন্ট কিটস ও নেভিস অথবা ফিজির নাগরিকত্ব প্রাপ্ত করিলেও উক্ত দেশের নাগরিকত্ব প্রাপ্তির জন্য পঠিতব্য শপথ বাকে যদি বাংলাদেশের প্রতি আনুগত্য প্রত্যাহারের শপথ না থাকে, তাহা হইলে তাহাদের বাংলাদেশের নাগরিকত্ব বহাল থাকিবে;

(৩৩১)

মূল্য : টাকা ৪.০০

- (খ) উক্তরূপ পরিস্থিতিতে উক্ত দেশসমূহের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশের নাগরিকগণকে বাংলাদেশ সরকারের নিকট হইতে দৈত নাগরিকত্ব গ্রহণ করিতে হইবে না;
- (গ) উক্ত দেশসমূহের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশিগণ ইচ্ছা করিলে তাহাদের বাংলাদেশি পাসপোর্ট সংরক্ষণ ও ব্যবহার করিতে পারিবেন এবং তাহাদের পাসপোর্টের মেয়াদ উত্তীর্ণ হইয়া গেলে উহা যথারীতি নবায়ন করিতে হইবে; এবং
- (ঘ) ইতঃপূর্বে যাহারা উক্ত দেশসমূহের নাগরিকত্ব গ্রহণ করিয়াছেন তাহাদের নামেও পুনরায় বাংলাদেশি পাসপোর্ট প্রদান করা যাইবে।
- ২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলীমুন রাজীব  
উপসচিব।